



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

([www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd))

স্মারক নং-বশিবো/পনি/এসএসসি/২০১৯/১৮৮৭

তারিখঃ ২১ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ

০৩ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: কেন্দ্রসচিবগণের জন্য জরুরি নির্দেশাবলী।


উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,

০১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১৯ স্মারক নং-বশিবো/পনি/এসএসসি/২০১৯/১৮৬৮ ও তারিখ ৩০ জানুয়ারি ২০১৯ পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি অনুসরণের জন্য অনুরোধ করা হলো। কোনক্রমেই অনিয়মিত পরীক্ষার্থীদের নিয়মিত প্রশ্নপত্রে এবং নিয়মিত পরীক্ষার্থীদের অনিয়মিত প্রশ্নপত্রে পরীক্ষা নেয়া যাবে না। সাবধানতার সাথে পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র বণ্টন করতে হবে।

০২। প্রশ্নপত্রের প্যাকেট খোলার পূর্বে অবশ্যই খেয়াল রাখতে হবে যে দিনের পরীক্ষা সে দিনের বিষয় ও বিষয় কোড সঠিক আছে কিনা এবং কোন সেটে পরীক্ষা হবে তা নিশ্চিত হয়ে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে এবং পরীক্ষার্থীদের মাঝে বিতরণ করতে হবে।

০৩। কেন্দ্রসচিবের ভুলের কারণে কোন শিক্ষার্থী ক্ষতিগ্রস্ত হলে সকল দায়-দায়িত্ব কেন্দ্রসচিবকে বহণ করতে হবে। কেন্দ্রসচিব কক্ষ পরিদর্শকগণকেও এ ব্যাপারে সতর্ক করে দিবেন।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

  
০৩.০২.১৯

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)